

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিকল্পনা মন্ত্রণালয়  
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
পরিবীক্ষণ ও মূল্যায়ন সেক্টর-৪  
শেরে বাংলা নগর, ঢাকা  
[www.imed.gov.bd](http://www.imed.gov.bd)

**প্রভাব মূল্যায়ন সমীক্ষার জন্য নির্বাচিত প্রকল্পের বিবরণী ও পরামর্শক প্রতিষ্ঠানের কার্যপরিধি (ToR):**

**ক. প্রকল্পের বিবরণীঃ**

১.	প্রকল্পের নাম	:	কনস্ট্রাকশন অব এ কনক্রীট গ্রেইন সাইলো এ্যাট মংলা পোর্ট উইথ এনসিলারি ফ্যাসিলিটিজ (৫০,০০০ এমটি ক্যাপাসিটি)		
২.	উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ	:	খাদ্য মন্ত্রণালয়		
৩.	বাস্তবায়নকারী সংস্থা	:	খাদ্য অধিদপ্তর		
৪.	প্রকল্পের অবস্থান	:	বিভাগ	জেলা	উপজেলা
			খুলনা	বাগেরহাট	মোংলা

**৫. অনুমোদিত বাস্তবায়নকাল ও ব্যয় (লক্ষ টাকা) :**

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয়	পরিকল্পিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়ন	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল অনুমোদিত সময়ের %)
মূল	২য় সংশোধিত		মূল	২য় সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
১৯৯৪৬.০৮৫	৫৮০৪৫.২৩৫	৫৭৮০১.৮৬	জানুয়ারি ২০১০ হতে ডিসেম্বর, ২০১৩	জানুয়ারি ২০১০ হতে জুন, ২০১৬	জানুয়ারি ২০১০ হতে জুন, ২০১৬	১৮৯%	২ বছর ৬ মাস (৬২.৫০%)

**৬. প্রকল্পের উদ্দেশ্য :**

- আনুষঙ্গিক সকল সুবিধাদিসহ মংলা বন্দর সংলগ্ন স্থানে ৫০,০০০ মেঃটঃ ধারণ ক্ষমতা সম্পন্ন একটি আধুনিক শস্য সাইলো নির্মাণ যার মাধ্যমে খাদ্য ব্যবস্থাপনা পদ্ধতির উন্নয়ন ঘটবে;
- মোংলা বন্দরে খাদ্যশস্যের দ্রুত খালাস নিশ্চিত করা;
- খাদ্যশস্যের সঠিক ওজন নিশ্চিত করা;
- দেশের উত্তর ও পশ্চিমাঞ্চলে খাদ্য বিতরণের সুবিধা বৃদ্ধি করা;
- মোংলা বন্দরে খাদ্যশস্যের abnormal post landing shortage কমিয়ে আনা;
- দেশে খাদ্য নিরাপত্তা সৃষ্টি ও পুষ্টি নিশ্চিত করা এবং
- সাইক্লোন আইলা/সিডর প্রবণ এলাকায় নিরাপদ খাদ্য মজুদকরণ সুবিধা নিশ্চিত করা।



## ৭. প্রকল্পের প্রধান প্রধান অঙ্গ :

প্রকল্পের আওতায় সাইলোর জন্য ৪২.৩৬ একর জমি অধিগ্রহণ, অধিগ্রহণকৃত ৮৬১৯৮.৯৭ ঘ.মি. ভূমি উন্নয়ন ও ২৬৫৬৮. ঘ.মি. বিশিষ্ট ১টি পুকুর খনন, প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে মনিটরিং করার জন্য ১টি পিক আপ ও ১টি জীপ ক্রয়, সাইলো নির্মাণ কাজ: পূর্ত অংশ সাইলো ফাউন্ডেশন, সাইলো জেটি, এক্সেস, ব্রীজ, নদী শাসন, বৈদ্যুতিক সাব-স্টেশন, ব্যাগিং হাউজ, কন্ট্রোল রুম ইত্যাদি নির্মাণ, সাইলো নির্মাণ কাজ: ইলেকট্রো-মেকানিক্যাল অংশ: নিউমেটিক আনলোড ও শিফ/বার্জ লোডার, বেল্ট কনভেয়র, ব্যাগিং প্লান্ট ট্রাক স্কেল, শিলিং বিন, ডেক এনক্রোজার, এয়ার কম্প্রেসর, লিফ্ট, ডাস্ট কালেকট ও কন্ট্রোল সিস্টেম স্থাপন ও কমিশনিং, নদী তীর সংরক্ষণ খাবার পানি ও সাইলো পরিচালনা জন্য বিশুদ্ধ পানি সরবরাহের লক্ষ্যে ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপন, নর্দমা ব্যবস্থা নির্মাণ।

## খ. পরামর্শকের কার্যপরিধি (TOR) :

### ৮.০ পরামর্শকের দায়িত্বঃ

- ৮.১ প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য, অনুমোদন/সংশোধন, প্রকল্প ব্যয়, বাস্তবায়নকাল, ডিপিপি অনুযায়ী বছরভিত্তিক বরাদ্দ, বরাদ্দ অনুযায়ী ব্যয়সহ প্রাসংগিক সকল তথ্য পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৮.২ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতির বাস্তব ও আর্থিক তথ্য সংগ্রহ, সারণি/ লেখচিত্রের মাধ্যমে উপস্থাপন ও বিশ্লেষণ;
- ৮.৩ প্রকল্পের উদ্দেশ্য অর্জনের পথে অগ্রগতি পর্যবেক্ষণ ও পর্যালোচনা এবং ফলপ্রসূ করার জন্য গৃহীত কার্যাবলি প্রকল্পের উদ্দেশ্যের সাথে সামঞ্জস্যপূর্ণ কি না তা পর্যালোচনা ও এ বিষয়ে মতামত প্রদান;
- ৮.৪ প্রকল্পের আওতায় সম্পাদিত বিভিন্ন পণ্য, কার্য ও সেবা সংগ্রহের (Procurement) ক্ষেত্রে প্রচলিত সংগ্রহ আইন ও বিধিমালা (পিপিআর, উন্নয়ন সহযোগী গাইডলাইন ইত্যাদি) প্রতিপালন করা হয়েছে কি না সে বিষয়ে পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৮.৫ প্রকল্পের আওতায় সংগৃহীত পণ্য, কার্য ও সেবা পরিচালনার জন্য প্রয়োজনীয় জনবলসহ আনুষঙ্গিক বিষয়াদি পর্যালোচনা ও পর্যবেক্ষণ;
- ৮.৬ প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কিত বিভিন্ন সমস্যাবলি যেমন: অর্থায়নে বিলম্ব, পণ্য, কার্য ও সেবা ক্রয়/সংগ্রহের ক্ষেত্রে বিলম্ব, প্রকল্প ব্যবস্থাপনার মান এবং প্রকল্পের মেয়াদ ও ব্যয় বৃদ্ধিসহ বিভিন্ন দিক বিশ্লেষণ, পর্যবেক্ষণ ও পর্যালোচনা;
- ৮.৭ প্রকল্পের আওতায় সম্পাদিত মূল কার্যক্রমসমূহের কার্যকারিতা ও উপযোগিতা বিশ্লেষণ এবং বিশেষ সফলতা (Success Stories, যদি থাকে) বিষয়ে আলোকপাত;
- ৮.৮ উল্লিখিত প্রাপ্ত বিভিন্ন পর্যবেক্ষণের ভিত্তিতে সার্বিক পর্যালোচনা;
- ৮.৯ প্রকল্পের সবলদিক, দুর্বলদিক, সুযোগ ও ঝুঁকি (SWOT) বিশ্লেষণ এবং দুর্বলতা ও চ্যালেঞ্জ মোকাবেলায় যথোপযুক্ত সুপারিশ প্রদান;
- ৮.১০ প্রকল্পের Exit plan সম্পর্কে পর্যালোচনা ও মতামত প্রদান;
- ৮.১১ এ প্রকল্পের কার্যক্রমের সাথে অন্য প্রকল্পের কার্যক্রমের দ্বৈততার বিষয়টি সুস্পষ্টকরণ;
- ৮.১২ অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের অনুকূলে সম্পাদিত ডিজাইন ও স্পেসিফিকেশন অনুযায়ী ভৌত কাজের গুণগত মান ও পরিমাণ ঠিক আছে কি না সে বিষয়টি যাচাইকরণ;
- ৮.১৩ একই এলাকায় সমজাতীয় অন্য প্রকল্পের তুলনা;
- ৮.১৪ প্রকল্পের আওতায় সম্পাদিত স্ট্যাডি পর্যালোচনা;
- ৮.১৫ প্রকল্পের মাধ্যমে সাইলোর জন্য ৪২.৩৬ একর জমি অধিগ্রহণ, অধিগ্রহণকৃত ৮৬১৯৮.৯৭ ঘ.মি. ভূমি উন্নয়ন, সাইলো নির্মাণ কাজ, ওয়াটার ট্রিটমেন্ট প্লান্ট স্থাপনসহ প্রভৃতি কার্যক্রম যাচাইপূর্বক প্রকল্পের সুনির্দিষ্ট প্রভাব নিরূপণ;
- ৮.১৬ প্রকল্পের আওতায় মোংলা বন্দরে খাদ্যশস্যের দ্রুত খালাস, খাদ্যশস্যের সঠিক ওজন নিশ্চিত করাসহ দেশের উত্তর ও পশ্চিমাঞ্চলে খাদ্য বিতরণের সুবিধা বৃদ্ধির নিমিত্ত গৃহীত কার্যক্রম ও সৃষ্ট সুবিধাদি টেকসই করার লক্ষ্যে মতামত প্রদান;
- ৮.১৭ পর্যবেক্ষণের আলোকে সুপারিশ প্রণয়ন; এবং
- ৮.১৮ ক্রয়কারী সংস্থা (আইএমইডি) কর্তৃক নির্ধারিত প্রকল্প সংশ্লিষ্ট অন্যান্য বিষয়াদি।



৯. পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শকের প্রকৃতি ও যোগ্যতাঃ

ক্রমিক	পরামর্শক প্রতিষ্ঠান ও পরামর্শক প্রতিষ্ঠানের পরামর্শক	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা
১)	পরামর্শক প্রতিষ্ঠান	-	<ul style="list-style-type: none"> <li>গবেষণা এবং প্রকল্প পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত স্টাডি পরিচালনায় ন্যূনতম ০১(এক) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
২)	ক) টিম লিডার-	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং -এ স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট বিষয়ে মাস্টার্স/উচ্চতর ডিগ্রী থাকলে অগ্রাধিকার প্রদান করা হবে।	<ul style="list-style-type: none"> <li>সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১০ (দশ) বছরের অভিজ্ঞতা;</li> <li>টিম লিডার হিসেবে কাজ অভিজ্ঞতা;</li> <li>সাইলো স্ট্রাকচারাল ডিজাইন সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা;</li> <li>প্রকিউরমেন্ট (পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮) সংক্রান্ত কাজের অভিজ্ঞতা;</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান এবং</li> <li>প্রতিবেদন উপস্থাপনায় বিশেষ দক্ষতা।</li> </ul>
	খ) মিড-লেভেল ইঞ্জিনিয়ার	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে ন্যূনতম কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং/তডিং ও ইলেক্ট্রনিক প্রকৌশল-এ স্নাতক ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
	গ) আর্থ-সামাজিক বিশেষজ্ঞ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সমাজবিজ্ঞান/ অর্থনীতি/ডেভলপমেন্ট স্টাডিজ/পরিসংখ্যান/ সমাজকল্যাণ/সমাজকর্ম বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রীধারী	<ul style="list-style-type: none"> <li>আর্থ-সামাজিক গবেষণা সংশ্লিষ্ট কাজে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা।</li> </ul>
	ঘ) পরিসংখ্যানবিদ	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে পরিসংখ্যান/ ফলিত পরিসংখ্যান বিষয়ে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রী	<ul style="list-style-type: none"> <li>তথ্য সংগ্রহ, ব্যবস্থাপনা ও বিশ্লেষণে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা;</li> <li>প্রতিবেদন প্রণয়ন ও উপস্থাপনায় দক্ষতা; এবং</li> <li>কম্পিউটার বিষয়ে ব্যবহারিক জ্ঞান।</li> </ul>

১০. নিম্নোলিখিত প্রতিবেদনসমূহ দাখিল করতে হবেঃ

ক্র নং	প্রতিবেদনের নাম	দাখিলের সময়
১.	ইনসেপশন রিপোর্ট	চুক্তি সম্পাদনের ১৫ দিনের মধ্যে
২.	১ম খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৭৫ দিনের মধ্যে
৩.	২য় খসড়া প্রতিবেদন	চুক্তি সম্পাদনের ৯০ দিনের মধ্যে
৪.	চূড়ান্ত প্রতিবেদন (বাংলায় ৪০ কপি ও ইংরেজিতে ২০ কপি)	চুক্তি সম্পাদনের ১০০ দিনের মধ্যে

১১. ক্লায়েন্ট কর্তৃক প্রদেয়:

- প্রকল্প দলিল ও প্রকল্প সংশ্লিষ্ট বিভিন্ন প্রতিবেদন (যেমন: আইএমইডি-০৫ প্রতিবেদন);
- বিভিন্ন স্টেকহোল্ডারের সাথে যোগাযোগের জন্য প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

০৬/১০/১৮  
 মোঃ মাহমুদুল হাসান  
 সহকারী পরিচালক  
 বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ  
 পরিচালনা মন্ত্রণালয়  
 বাংলাদেশ সরকার